

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ৮, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৩ পৌষ ১৪২৬/০৭ জানুয়ারি ২০২০

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৯.১২—পররাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ শহীদুল হক বাংলাদেশ সিভিল সার্ভিস (পররাষ্ট্র) ক্যাডারের ১৯৮৪ ব্যাচের কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক প্রায় ৩৪ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করেছেন।

২। প্রজাতন্ত্রের একজন নিষ্ঠাবান কর্মকর্তা হিসাবে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য জনাব মোঃ শহীদুল হক-কে আন্তরিক ধন্যবাদ জানিয়ে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে মন্ত্রিসভার ১৫ পৌষ ১৪২৬/৩০ ডিসেম্বর ২০১৯ তারিখের বৈঠকে একটি ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম

মন্ত্রিপরিষদ সচিব

( ৬২৫ )

মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

ঢাকা :  $\frac{১৫ \text{ পৌষ } ১৪২৬}{৩০ \text{ ডিসেম্বর } ২০১৯}$

পররাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ শহীদুল হক বাংলাদেশ সিভিল সার্ভিস (পররাষ্ট্র) ক্যাডারের ১৯৮৪ ব্যাচের কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক প্রায় ৩৪ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করছেন।

সুদীর্ঘ কর্মজীবনের শুরুতে জনাব মোঃ শহীদুল হক পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। তিনি লন্ডন এবং জেনেভার দ্বিতীয় ও প্রথম সচিব হিসাবে দায়িত্ব পালন করেন। তিনি জেনেভাস্থ বাংলাদেশের স্থায়ী মিশনে প্রথম কাউন্সেলর এবং পরে মিনিস্টার হিসাবে দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি আইওএম-এর গুরুত্বপূর্ণ পদেও দায়িত্ব পালন করেন।

জনাব মোঃ শহীদুল হক ২০১৩ সাল থেকে পররাষ্ট্রসচিব হিসাবে নিযুক্ত হন। পরে তিনি গত ৩০ জুলাই ২০১৮ তারিখে উক্ত মন্ত্রণালয়ের সিনিয়র সচিব পদে পদোন্নতি পেয়ে অদ্যাবধি দক্ষতা ও সুনামের সঙ্গে দায়িত্ব পালন করছেন।

এছাড়া তিনি গত সাত বছর যাবত জাতিসংঘের 'ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অব মাইগ্রেশন (আইওএম)'-শীর্ষক সংস্থার অভিবাসন বিষয়ক উপদেষ্টামণ্ডলীর একজন অন্যতম সদস্য হিসাবে দায়িত্ব পালন করছেন। অভিবাসন এবং মানবাধিকার বিষয়ে তাঁর লিখিত বেশকিছু প্রবন্ধ বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত হয়েছে।

জনাব মোঃ শহীদুল হক পররাষ্ট্র মন্ত্রণালয়ের কার্যক্রমে গুণগত পরিবর্তন আনয়নে উদ্যোগী ভূমিকা রেখেছেন। একজন সৃজনশীল, প্রাজ্ঞ ও বিচক্ষণ কুটনৈতিক কর্মকর্তা হিসাবে জনাব মোঃ শহীদুল হক স্মরণীয় হয়ে থাকবেন।

প্রজাতন্ত্রের একজন নিষ্ঠাবান কর্মকর্তা হিসাবে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মন্ত্রিসভা জনাব মোঃ শহীদুল হক-কে ধন্যবাদ জানাচ্ছে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd